তারিখ 22 OCT 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

দৈনিক সংবাদ

96

# রাজশাহী বিভাগে বিদ্যালয়গামী ছাত্রছাত্রীর হার বেড়েছে

রাজশাহী, ২১শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।— রাজশাহী বিভাগের ১৬টি জেলায় গত তিন বছরে ৬ থেকে ১০ বছর বয়সী বিদ্যালয়গামী বালক-বালিকার হার শতকরা ১১ ভাগ বেড়েছে। এই সময়ে বিদ্যালয় ত্যাগের (ড্রপ আউট) হারও শতকরা ৫ ভাগ কমেছে। অন্যদিকে বিগত '৯১ ও '৯২ সালের তুলনায় চলতি '৯৩ সালে বালকদের চেয়ে বালিকা ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি পেয়েছে।

রাজশাহী বিভাগীয় প্রাথমিক শিক্ষা, উপ-পরিচালক দপ্তর সূত্রে জানা যায়, বিভাগের ১৬টি জেলায় ১৯৯১ সালে বিদ্যালয় গমন উপযোগী বালক-বালিকার সংখ্যা ছিল ৪১ লাখ ৯৭ হাজার ১শ' ৯ জন। এদের মধ্যে ৩০ লাখ ১৮ হাজার ২শ' ৪০ জন ঐ বছরে বিদ্যালয়ে ভর্তি হয়। অর্থাৎ ভর্তির শতকরা হার ৭২ ভাগ। ১৯৯২ সালে বিদ্যালয় গমন উপযোগী বালক-বালিকার মোট সংখ্যা ছিল ৪১ লাখ ৪৯ হাজার ৭শ' ২৭। এদের মধ্যে শতকরা ৭৩ ভাগ অর্থাৎ ৩০ লাখ ৬৮ হাজার ১৯৫ জনই বিদ্যালয়ে ভর্তি হবার সুযোগ পায়। চলতি বছর বিদ্যালয়ে ভর্তির হার বিগত দু'বছরের তুলনায় অনেক বেড়েছে। এ বছর বিদ্যালয় গমন উপযোগী বালক-বালিকার সংখ্যা ছিল ৪২ লাখ ১৯ হাজার ৮শ' ৮৩। এদের মধ্যে ৩৪ লাখ ৯২ হাজার ৫শ' ১০ জন বিদ্যালয়ে ভর্তি হয়েছে। ভর্তির হার শতকরা ৮৩ ভাগ, যা ১৯৯১ সালের তুলনায় শতকরা ১১ ভাগ বেশি।

১৯৯১ সালে ৬ থেকে ১০ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের বিদ্যালয় ত্যাগের শতকরা হার ছিল ১৩ ভাগ। ১৯৯২ সালে এই হার কমে দাঁড়ায় শতকরা ১০ ভাগে। চলতি বছর সেপ্টেম্বর মাস পর্যন্ত প্রাপ্ত হিসেব অনুযায়ী বিদ্যালয় ত্যাগ করে চলে যাওয়া ছাত্র-ছাত্রীর হার কমে দাঁড়িয়েছে শতকরা ৮ ভাগে; যা ১৯৯১ সালের তুলনায় শতকরা ৫ ভাগ কম।

১৯৯১ সাল থেকে '৯৩ সাল পর্যন্ত তুলনামূলক হিসেব থেকে দেখা যায় বালকদের চেয়ে বালিকাদের ভর্তি ও বিদ্যালয়ে উপস্থিতির হার শতকরা প্রায় ২ ভাগ বেড়েছে।

সংশ্লিষ্ট দপ্তর সূত্রে জানানো হয়, মা সমাবেশ, বিদ্যালয় পরিচালনা কমিটি ও অভিভাবকদের সাথে নিয়মিত বৈঠক এবং ছাত্র ব্রিগেড গঠনের মাধ্যমে বিদ্যালয়গামী বালক-বালিকার হার উন্নীত করা সম্ভব হয়েছে। বিদ্যালয়ে ভর্তি ও উপস্থিতি-বাড়ানোর ক্ষেত্রে ছাত্র ব্রিগেড উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে বলেও ঐ দপ্তর সূত্রে জানানো হয়। ১৬টি জেলার সরকারী ও বেসরকারী মোট ১২ হাজার ১৩৪টি বিদ্যালয়ে দুই থেকে তিন জন মেধাবী ছাত্রকে নিয়ে একজন শিক্ষকের তত্ত্বাবধানে এই ছাত্র ব্রিগেড গঠন করা হয়েছে।